

## 💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৪৮. খৎনার বিবিধ মাসআলাগুলো কী কী?

- ১. কোন শিশু যদি মাতৃগর্ভ থেকেই লিঙ্গের মাথা খোলা অবস্থায় জন্ম নেয় তাহলে তার আর খাৎনা করার প্রয়োজন নেই।
- ২. কোন শিশু এটাকে অতিরিক্ত ভয় করলে খাৎনা বিলম্বে করতে কোন গোনাহ নেই ।
- ৩. খাৎনার জন্য কোন বালকের সতর খোলা জায়েয আছে। অনুরূপভাবে চিকিৎসার জন্য ডাক্তার রোগীর সতর খুলতে পারবে। তবে শুধু ঐ পরিমাণ খুলবে যতটুকু প্রয়োজন, এর বেশি নয় ।
- ৪. শুধু তিন কারণে মানুষকে কষ্ট দেওয়া জায়েয । আর তা হলো
- (ক) তার উপকারের জন্য। যেমন- চিকিৎসা, অপারেশন ইত্যাদি।
- (খ) বিধিসম্মত শাস্তি প্রদানের জন্য।
- (গ) একান্ত প্রয়োজন অবস্থায়। এখানে খাৎনাজনিত কাজিট ঐ বান্দার জন্য বাধ্যতামূলক। তাই খাৎনা তার জন্য কিছুটা কষ্টকর হলেও তা করা জায়েয।
- ৫. খাৎনাবিহীন ব্যক্তি ইমামতি করতে শরী'আতে কোন বাধা-নিষেধ নেই ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12783

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন